ভোরের কাগজ

ভোরের কাগজ DEC. 04 2001

তারিখ ...

পৃষ্ঠা ১০ কলাম ...

... শিক্ষক সমিতি ফেডারেশনের পেশাজীবীদের সঙ্গে মতবিনিময় স

# সন্ত্রাসের সঙ্গে জড়িত শিক্ষক-ছাত্রদের বিরুদ্ধে ব্যবস্থা নিলেই পরিবেশ সুষ্ঠু হবে

**কাগজ প্রতিবেদক :** বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের উদ্যোগে আয়োজক শিক্ষ
নির্যাতন ও শিক্ষাঙ্গণে সন্ত্রাসের বিরুদ্ধে শিক্ষক-পেশাজীবীদের যৌথ সভায় বক্ত
বলেছেন, রাজনীতিবিদদের সুবিধার জন্য তাদের প্রশ্রয়ে, লালিত সন্ত্রাসের শিকার
শিক্ষকরাই নন, সারাদেশের চিকিৎসক, আইনজীবী, প্রকৌশলী, ব্যাংকার থেকে শুরু ক
শ্রমজীবী পর্যন্ত সবাই সন্ত্রাসের শিকার। এক্ষেত্রে পেশাজীবীদের ঐক্যবদ্ধ হয়ে
পারস্পরিক সহযোগিতায় চলমান সন্ত্রাসক মোকাবিলা করতে হবে।

গতকাল সোমবার জাতীয় প্রেসক্লাবের শিক্ষক সমিতি ফেডারেশনের ঢাকা মহানগ
সভাপতি অধ্যক্ষ দবিরুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় বক্তব্য রাখে
চক্ষু বিশেষজ্ঞ ডা. টি আলী, সুপ্রীম কোর্টের আইনজীবী কে এম খোরশেদ আলম, শে
বোরহানুদ্দিন পোস্ট গ্র্যাজুয়েট বিশ্ববিদ্যালয় কলেজের শিক্ষক আবদুর রব ভুঁইয়া প্রমুখ
মতবিনিময় সভায় সূচনা বক্তব্য রাখেন ফেডারেশন নেতা কাজী ফারুক আহমেদ।

কাজী ফারুক আহমেদ, নির্বাচনের পর থেকে সারাদেশে শিক্ষক হত্যা-নিপীড়নে
চিত্র তুলে ধরে বলেন, সারা পৃথিবীতে প্রায় ৬ কোটি শিক্ষক রয়েছে। বাংলাদেশে এ
সংখ্যা মোটেও কম নয়। এরকম নির্যাতন অব্যাহত থাকলে আমরা ইউনেস্কো এব
আইএলওকে অবহিত করতে বাধ্য হবো।

চক্ষু বিশেষজ্ঞ ডা. টি আলী বলেন, দেশ ও জনগণের প্রতি পেশাজীবীদের যে দায়ি
তা যথাযথভাবে পালনের জন্য সন্ত্রাসমুক্ত পরিবেশ সরকারকেই তৈরি করতে হবে।

সুপ্রিম কোর্টের আইনজীবী এডভোকেট খোরশেদ আলম বলেন, দেশের যতোটুক
সম্পদ ততোটুকু বণ্টনের স্বচ্ছতা নেই বলেই সর্বত্র সন্ত্রাস। সরকারকে সম্পদ বণ্টনে
কল বিভাগ থেকেই দুর্নীতি বন্ধ করতে হবে এবং সন্ত্রাসীদের প্রশ্রয় দেওয়া বন্ধ করতে
হবে।

শেখ বোরহানুদ্দিন কলেজের উপাধ্যক্ষ আবদুর রব ভুঁইয়া বলেন, মানব সম্পদ
উন্নয়নে শিক্ষাই হলো বড়ো উপাদান, শিক্ষার ওপর যদি সন্ত্রাস, রাজনৈতিক দলের প্রভাব
ই ভাবে পড়ে, তাহলে শিক্ষক হিসেবে দায়িত্ব পালন করা কোনোভাবেই সম্ভব হবে না।

সাম্প্রতিক সময়ে প্রধানমন্ত্রীর ছাত্র রাজনীতি বন্ধ করা প্রসঙ্গে ফেডারেশন নেতৃবৃন্দ
ভোরের কাগজকে বলেন, ছাত্র রাজনীতি থাকবে কি থাকবে না, সেই সম্পর্কে শিক্ষক
সমিতি ফেডারেশন কোনো বক্তব্য দেবে না। নেতৃবৃন্দ বলেন, ফেডারেশন মনে করে
সন্ত্রাস বন্ধ হলে, সন্ত্রাস সে শিক্ষক কিংবা ছাত্র যেই হোক তার বিরুদ্ধে সরকার যথাযথ
ব্যবস্থা নিলেই সুষ্ঠু শিক্ষার পরিবেশ তৈরি হবে।

মতবিনিময় সভায় আরো উপস্থিত ছিলেন শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি
শেখ আমানুল্লাহ, ট্রেড ইউনিয়ন নেতৃবৃন্দ এবং বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষকবৃন্দ।